

উপজেলা পরিষদ কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আজিজুল হক আজা
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহেশপুর, ঝিনাইদহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।
সভার তারিখ : ১২/৯/২০২১ খ্রিঃ।
সভার সময় : ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (ক্রমানুসারে)	স্বাক্ষর
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, নেপা ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, স্বরূপপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, শ্যামকুড় ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
উপজেলা সমাজসেবা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, এসবিকে ইউপি, মহেশপুর, ঝিনাইদহ বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সভাপতি সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।


০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের তত্বাবধানে বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রণয়নের সুযোগ আছে। এ প্রসঙ্গে কমিটির সদস্য, চেয়ারম্যান, ০৪ নং স্বরূপপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ সভাকে অবহিত করেন শ্যামকুড় ইউনিয়ন উপজেলা সদর থেকে অনেক দূরে হওয়ায় এস,এস,সি পরীক্ষার্থী ছাত্র/ছাত্রীদের উপজেলা সদরে এসে পরীক্ষা দিতে অনেক সমস্যার মধ্যে পরতে হয়। যদি শ্যামকুড় ইউপির মধ্যে কোন পরীক্ষা কেন্দ্র করা যায় তাহলে ছাত্র/ছাত্রী সহ এলাকাবাসীর অনেক উপকার হয়। এ লক্ষ্যে ১ অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প উপজেলা পরিষদে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে আলোকপাত করা যেতে পারে। উপজেলার প্রত্যেক ইউনিয়ন সহ উপজেলা সদরে বাজার তদারকি না করার কারণে দোকানদাররা বিভিন্ন সময়ে ইচ্ছামত দ্রব্যের দাম বৃদ্ধি করে। নিয়মিত বাজার তদারকি করা দরকার। এছাড়াও বিভিন্ন হাটের উন্নয়নের জন্য অবকাঠামো তৈরি করা আবশ্যিক।

সিদ্ধান্ত : উপজেলার সার্বিক উন্নয়নের জন্য ১টি অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের প্রস্তাব অনুমোদনের জন্য উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১ টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা :

ক্র:	উপ-প্রকল্পের নাম	বাস্তবায়নকারী বিভাগ
০১	শ্যামকুড় ইউনিয়ন পরিষদ কেন্দ্র নির্মাণ	উপজেলা প্রকৌশল

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি

অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান

মহেশপুর, ঝিনাইদহ

তারিখ : ১২/৯/২০২১ খ্রিঃ।

স্মারক নং- ৫১.০১.৪৪৭১.০০০.০৪১.১৫.৮৭৬- ৩০২/১(৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।

০৩। অফিস কপি।



সদস্য-সচিব

উপজেলা প্রকৌশলী

মহেশপুর, ঝিনাইদহ